

উচ্চশিক্ষায় গবেষণায় জোর দিন

এস এম নাদিম মাহমুদ

কয়েক মাস আগে আমরা নিম্ন মধ্যম আয়ের দেশ হিসেবে বিশ্বীকৃতি লাভ করেছি। নানা প্রতিকূলতা সত্ত্বেও আমাদের মোট দেশজ উৎপাদন (জিডিপি) ৬ শ্কেল অতিক্রম করেছে। উন্নয়নের এই পথ দীর্ঘ হওয়ার স্বপ্ন সবার হৃদয়ে ধারণ করে আমরা বিশ্ব বুকে মাথা তুলে দাঁড়িয়েছি। রেকর্ড পরিমাণ বৈদেশিক মুদ্রা রিজার্ভের খবরও কয়েকদিন আগে গণমাধ্যমগুলোতে ফলাও করে প্রচারিত হয়েছে। আমাদের জিপিএ শিক্ষাব্যবস্থার সাফল্য চূড়ায় গিয়ে ঠেকছে বলে প্রতিবছর পাবলিক পরীক্ষার ফল অনাম্মাসে বলে দিচ্ছে। জাতীয় সমীক্ষা ৬২ দশমিক ৩ শতাংশের শিক্ষিত জনগোষ্ঠীর খবর দিচ্ছে। এগুলো ক্রমবর্ধমান উন্নয়নের খবর হলেও আমরা একবিংশ শতকের মূল চ্যালেঞ্জ থেকে বারবার

পিছিয়ে যাচ্ছি। প্রাতিষ্ঠানিক শিক্ষাব্যবস্থার জন্য আমরা জিডিপির ২ দশমিক ২৩ শতাংশ ব্যয় করেও শিক্ষার গুণগত ও পরিমাণগত মানদণ্ডকে মজবুত করতে পারছি না। প্রাথমিক স্কুল ও কলেজের শিক্ষা কেবল সনদনির্ভর হলেও বিশ্ববিদ্যালয় শিক্ষাব্যবস্থা কেবল প্রাতিষ্ঠানিক সনদ অর্জনের লক্ষ্য নয়। কিন্তু আমাদের মতো তৃতীয় বিশ্বের একটি দেশে সেটিও কেবল কর্মসংস্থানের উপকরণ হয়ে দাঁড়িয়েছে। উচ্চশিক্ষার মূল কাঠামোতে যে ক্রমাগত আঘাত দেওয়া হচ্ছে, তাতে আমাদের অর্থনৈতিক, সামাজিক উদুপরি সব উন্নয়নকে মান করে দিতে পারে, তাতে কোনো সন্দেহ নেই। বলা হচ্ছে, স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার প্রাণ হচ্ছে গবেষণা। পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রচলিত ৭৩ সালের বিধিতেও তাত্ত্বিক পাঠের সঙ্গে গবেষণা করার যে ইস্তিত দেওয়া হয়েছে, তা দিন দিন ক্রমপ্রাপ্ত হয়ে সরকারায় হয়ে উঠছে। অথচ গত

কয়েক বছর ধরে স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার গবেষণা খাতের বরাদ্দ অবহেলিত ও বঞ্চিত করে রাখার প্রবণতাটা আরও জীব্রতর আকার ধারণ করে চলছে। আজকে বিশ্বে যেসব দেশ এগিয়ে চলছে, তারা অর্থনীতি, সামাজিক নিরাপদ রাষ্ট্রের দাবি করছে, তারা মূলত গবেষণা ব্যবস্থার বিকাশ ঘটিয়ে এগিয়ে চলছে। কৃষি, শিল্প, বায়োলজিক্যাল গবেষণার জন্য তাদের বাজেটের উল্লেখযোগ্য পরিমাণ অর্থ ব্যয় করে যাচ্ছে। আমাদের বোধোদয় হওয়া আও প্রয়োজন। সরকার অন্তত নিজ উদ্যোগে বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণার বিষয়টি দেখভালের দায়িত্ব নিক। প্রয়োজনে ন্যাশনাল রিসার্চ ইনস্টিটিউট নামেও একটি গবেষণা প্রতিষ্ঠান গড়ে তুলুক। তাদের উজ্জ্বলিত শক্তিতে আলোকিত হোক বাংলাদেশ তথা বিশ্ব, এই প্রত্যাশা মনে ধারণ করি।

● গবেষক, ওসাকা বিশ্ববিদ্যালয়, জাপান